

الْمَاجِدِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬৬ তম নাম ‘الْمَاجِدِ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْمَاجِدِ’ শব্দের মূল د - ج - م, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪ বার এসেছে। মহিমাম্বিত, মহৎ, সৌম্য, অতি উদার ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمَاجِدِ অর্থ: ‘তিনি একমাত্র সম্মানিত, গৌরবাম্বিত’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

ইব্রাহিমের স্ত্রীকে যখন ফেরেশতারা সুসংবাদ দিল যে, তার পুত্র সন্তান হবে তখন সে বিস্ময় প্রকাশ করে বললো- কিভাবে হবে আমি বৃদ্ধা ও স্বামী বৃদ্ধ? তখন ফেরেশতারা বললো:

قَالُوا أَتَعْجَبِينَ مِنْ أَمْرِ اللَّهِ رَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ عَلَيْكُمْ أَهْلَ الْبَيْتِ إِنَّهُ حَمِيدٌ مَّجِيدٌ ﴿٧٣﴾

তারা বললো: আপনি কি আল্লাহর সিদ্ধান্তের ব্যাপারে বিস্ময় বোধ করছেন? হে ঘরবাসী! এটা তো আপনাদের প্রতি আল্লাহর রহমত ও বরকত। নিশ্চয়ই তিনি সপ্রশংসিত, সম্মানিত। (সূরা হুদ: আয়াত নং ৭৩)

قَ وَالْقُرْآنِ الْمَجِيدِ ﴿١﴾

কাফ, সম্মানিত কোরআনের শপথ। (সূরা কাফ: আয়াত নং ১)

ذُو الْعَرْشِ الْمَجِيدِ ﴿١٥﴾

(আল্লাহ)মহিমাম্বিত আরশের অধিপতি। (সূরা আল বুরুজ: আয়াত নং ১৫)

بَلْ هُوَ قُرْآنٌ مَّجِيدٌ ﴿٢١﴾

তবে এ এক মহিমা মন্ডিত কুরআন। (সূরা আল বুরূজ: আয়াত নং ২১)

বুখারী ও মুসলিমের হাদীস:

রাসূল সা: এর সময়ের এক পরাশক্তি রোম সম্রাট হিরাকলের কাছে আবু সুফিয়ান (তখনও মুশরিক ছিল) বলেছিল: মুহাম্মদ সা: আমাদেরকে বলে:

يَقُولُ: اَعْبُدُوا اللَّهَ وَحْدَهُ لَا تُشْرِكُوا بِهِ شَيْئًا، وَاتْرِكُوا مَا يَقُولُ آبَاؤُكُمْ، وَيَأْمُرُنَا
بِالصَّلَاةِ، وَالصَّدَقِ، وَالْعَفَافِ، وَالصِّلَةِ -

তিনি (রাসূল) বলেন: তোমরা একমাত্র আল্লাহর ইবাদত কর আর তাঁর সাথে কোন শিরক করো না। তোমরা তোমাদের বাপ দাদা যা বলে তা ছেড়ে দাও। আর তিনি আমাদেরকে সালাত, সত্যনিষ্ঠা, উদারতা ও মধুর সম্পর্কের হুকুম করেন।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা একমাত্র সম্মানিত, গৌরবান্বিত মহান আল্লাহর সাথে কাউকে শরীক না করে তাঁরই ইবাদত করি এবং সত্যনিষ্ঠভাবে জীবন যাপন করি। আল্লাহ আমাদেরকে শিরকমুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াব্বারাকাতুহ।